

বিজ্ঞপ্তি

দক্ষিণ দিনাজপুর জেলার তপন ব্লকের অন্তর্গত জমিনিশ্চিন্তা মৌজায় পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর কর্তৃক একটি দ্বিতল কর্মতীর্থ (Marketing Hub) ভবন নির্মিত হয়েছে। উক্ত কর্মতীর্থ ভবনে ৪০টি (চল্লিশটি) দোকানঘর / স্টল আছে। এর মধ্যে ৩৮টি (আটত্রিশটি) দোকানঘর / স্টল উক্ত কর্মতীর্থ ভবনে দোকানদারি / ব্যবসা / অনুরূপ বাণিজ্যিক কর্ম করতে আগ্রহী এমন ব্যক্তিদের মধ্যে বন্টন করা হবে। District Selection Committee, Dakshin Dinajpur কর্তৃক উক্ত দোকানঘর / স্টল গুলি বন্টনের জন্য ৩৮ জন আগ্রহী ব্যক্তিকে (উপভোক্তাকে) বাছাই (Selection) করা হবে। অবশিষ্ট ২ (দুই)টি দোকানঘর / স্টল District Selection Committee, Dakshin Dinajpur কর্তৃক উপযুক্ত স্ব-নির্ভর দল (Self-Help Group)-কে বন্টন করা হবে। ব্যক্তিগত উপভোক্তাদের মধ্যে বন্টন যোগ্য ৩৮টি দোকানঘর / স্টলের মধ্যে নিম্নলিখিত সংখ্যক দোকানঘর / স্টল গুলি নিম্নলিখিত Category-এর আবেদনকারীদের জন্য সংরক্ষিত আছেঃ

- i. মহিলাঃ ১০টি
- ii. Scheduled Caste / Scheduled Tribe: ১০টি
- iii. সংখ্যালঘু সম্প্রদায়ঃ ১০টি

যদি সংরক্ষিত Category-তে যথেষ্ট সংখ্যক আবেদনপত্র না পাওয়া যায় বা যথেষ্ট সংখ্যক উপযুক্ত প্রার্থী না পাওয়া যায় তাহলে District Selection Committee সাধারণ আবেদনকারীদের মধ্যে থেকে সংরক্ষিত Quota-র অপূর্ণ অংশ বন্টন করে দিতে পারেন।

নিম্নবিবৃত যোগ্যতা সম্পন্ন তপন ব্লকের এমন সকল ব্যক্তি যাঁরা উক্ত কর্মতীর্থ ভবনে দোকানদারি / স্টল নিয়ে ব্যক্তিগত পুঁজি ও উদ্যোগে দোকানদারি / ব্যবসা / অনুরূপ বাণিজ্যিক কর্ম চালাতে আগ্রহী তাঁদের সকলকে দোকানদারি / স্টল প্রাপ্তির জন্য এই বিজ্ঞপ্তির সঙ্গে সংযুক্ত নির্ধারিত ফর্মে আবেদনপত্র দাখিল করার জন্য আহ্বান করা হচ্ছে।

যোগ্যতাবলী (Eligibility Criteria):

আব্যাবশিক যোগ্যতা (Mandatory Eligibility Criteria):

(১) আবেদনকারীকে অতি অবশ্যই তপন ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমানস্বরূপ আবেদনকারীকে অতি অবশ্যই আবেদনপত্রের সঙ্গে নিম্নবিবৃত নথি পত্রাদি দাখিল করতে হবে ----

- i. সরকার কর্তৃক বা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ১টি (একটি) ফটোসহ পরিচয়পত্র (Photo-bearing Identity Card) –এর Self-Attested Photocopy / Xerox কপি। [যথা- EPIC (Electoral Photo Identity Card) / Aadhar Card ইত্যাদির একটির Self-Attested Photocopy / Xerox কপি]
- ii. স্থানীয় প্রধান / পঞ্চায়েত সমিতির সভাপতি / এম.এল.এ / বি.ডি.ও / এস.ডি.ও কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার শংসাপত্র (in original)।

(২) আবেদনকারীকে অতি অবশ্যই পশ্চিম বঙ্গ সরকারের Employment Bank-এ Validly নথিভুক্ত হতে হবে। Employment Bank-এ Valid Enrolment –এর Acknowledgement নথিটির Self-attested copy অতি অবশ্যই আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

